দৈনিক সংগ্রাম

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 11 OCT 1986 পৃষ্ঠা 5 কলাম 2



# গ্রন্থাগার বিজ্ঞানীর আন্তর্জাতিক সম্মান লাভ

বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সাধারণ সম্পাদক এবং শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর গ্রন্থাগার বিশেষজ্ঞ জনাব সুলতান উদ্দীন আহ্‌মাদ সম্প্রতি কমনওয়েলথ লাইব্রেরী এসোশিয়েশনের সাধারণ কাউন্সিলের কাউন্সিলার মনোনীত হয়েছেন।

জনাব সুলতান উদ্দীন আহ্‌মাদ দীর্ঘ দিন যাবৎ গ্রন্থাগার পেশায় নিয়োজিত আছেন। তিনি বিগত আট বৎসর যাবৎ বাংলাদেশ গ্রন্থাগার সমিতির কার্যনির্বাহী পরিষদের একজন সক্রিয় কর্মকর্তা হিসেবে দেশ বিদেশে সুনাম অর্জন করতে সক্ষম হন। তাঁর নেতৃত্বে বাংলাদেশ গ্রন্থাগার সমিতির কার্যক্রমে প্রাণ চাঞ্চল্য ফিরে এসেছে।